দৈনিক সংবাদ

তারিখ 24 AUG 1987
পৃষ্ঠা ... ৭ কলাম ...

C46

## বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার সমিতি ২৯শে সেপ্টেম্বর অবস্থান ধর্মঘট করবে

আগামী ৩১শে আগষ্টের মধ্যে ১৮ দফা দাবী পূরণ না হলে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার সমিতি ২৯শে সেপ্টেম্বর শিক্ষক সমাবেশ ও অবস্থান ধর্মঘট করবে।

গত শনিবার সমিতির সভানেত্রী অধ্যক্ষা রাশিদা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত এক জরুরী বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়া প্রয়াত সাবেক রাষ্ট্রপতি আবু সাঈদ চৌধুরীর মৃত্যুতে গভীর শোক প্রকাশপূর্বক সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে, অধ্যাপিকা খুরশীদ জাহানের নেতৃত্বে একটি ত্রাণ কমিটি গঠন করা হবে। সমিতির সদস্যরা এক দিনের বেতন দেয়া ছাড়াও সমিতির নিজস্ব তহবিল থেকে রাষ্ট্রপতির ত্রাণ তহবিলে ২ হাজার টাকা দেয়া হবে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।